ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০।
pbs2.dhaka.gov.bd

নম্বর: ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৩.১২৮১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩

## "পুনঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে জনবল নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রঃনং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ১।**অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩ (তিন)বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>২। **বয়সসীমাঃ** প্রার্থীর বয়স সীমা সর্বোচ্চ ৫২ বছর (২৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় যেমন- যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

**০১।আবেদন ফরম পুরণ ও জমাদানঃ**

আগ্রহী প্রার্থীগণ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (pbs2.dhaka.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A4 সাইজের কাগজে ডাউনলোডপূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ২৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২,পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। **উল্লেখ্য নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদন পত্র এবং উল্লিখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।**

**০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি,

(গ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি;

(ঙ) সিনিয়র জিএম/জিএম কর্তৃক প্রদত্ত এবং এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত "অভিজ্ঞতা সনদপত্র ও শেষবেতনের প্রত্যয়নপত্র "।

**০৩।চুক্তির মেয়াদকালঃ**

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষের সম্মতিক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবসের ব্যবধানে একই পবিস এ পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পুনরায় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর (৩+৩+৩) বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

**০৪। অন্যান্য শর্তাবলীঃ**

ক) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণপূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮. ০০১.১৮.৩৬২৫; তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ঢাকা পবিস-২ এর অনুকূলে ১০,০০০.০০ টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।

ঘ) ঢাকা পবিস-২ এর ভৌগোলিক এলাকা অর্থাৎ ঢাকা জেলার নবাবগঞ্জ ও দোহার উপজেলা, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার শায়েস্তা ইউনিয়ন ও হরিরামপুর উপজেলার ধুলশুরা ইউনিয়ন, মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাড়ৈখালী ইউনিয়ন এবং ফরিদপুর জেলার সদরপুর উপজেলার নারিকেলবাড়ীয়া ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

ঙ) ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

চ) কোন পবিস হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ছ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।

জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

ঞ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

ট) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না।

ঠ) ইতঃপূর্বে কর্মরত পবিস-এ পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)-গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

ড) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২-৪-২০২৩
মোঃ মজিবুর রহমান
সিনিয়র জেনারেল ম্যানেজার

নম্বর: ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৩.১২৮১/১(৯১)

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
৪) সকল পল্লী বিদ্যুৎ সমিতি
৫) ডিজিএম, দোহার জোনাল অফিস,, ঢাকা পবিস-২।
৬) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
৭) এজিএম (ওএন্ডএম), বান্দুরা/নারিশা সাব জোনাল অফিস, ঢাকা পবিস-২।
৮) এজিএম (আইটি), আইটি বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশনাসহ)
৯) অফিস/ মাস্টার কপি।

১২-৪-২০২৩
মোঃ জসিম উদ্দিন
এজিএম (এইচআর)